

# নয়া দিগন্ত

তারিখঃ ০৫/১১/২০২৫ (পৃঃ ১২)

## ব্রিতে কর্মশালা অনুষ্ঠিত

● গাজীপুর জেলা প্রতিনিধি  
বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি)  
সদর দফতরে 'Productivity  
Enhancement of Mustrad-Boro-  
T.Aman Cropping System in  
Bangladesh' শীর্ষক প্রকল্পের সমাপনী  
কর্মশালা গতকাল মঙ্গলবার অনুষ্ঠিত হয়েছে।  
জাতিসংঘের ফুড অ্যান্ড এগ্রিকালচার  
অর্গানাইজেশনের (এফএও) অর্থায়নে ব্রির রাইস  
ফার্মিং সিস্টেমস (আরএফএস) বিভাগ এ  
কর্মশালার আয়োজন করে। ব্রির প্রশিক্ষণ ভবনের  
সভাকক্ষে অনুষ্ঠিত কর্মশালায় প্রধান অতিথি  
হিসেবে উপস্থিত ছিলেন ব্রির মহাপরিচালক ড.  
মোহাম্মদ খালেদুজ্জামান। ব্রির পরিচালক  
(গবেষণা) ড. মো: রফিকুল ইসলামের

সভাপতিত্বে কর্মশালায় বিশেষ অতিথি হিসেবে  
উপস্থিত ছিলেন গাজীপুর কৃষি বিশ্ববিদ্যালয়ের  
উপ-উপাচার্য প্রফেসর ড. এম ময়নুল হক,  
এফএও-এর পরামর্শক অধ্যাপক পরিমল কান্তি  
বিশ্বাস, শেরে বাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের  
অধ্যাপক ড. এ কে এম রশ্বল আমীন, বাংলাদেশ  
কৃষি গবেষণা ইনস্টিটিউটের পরিচালক ড.  
মঞ্জুরুল কাদির, সার্ক কৃষি কেন্দ্রের পরিচালক ড.  
মো: হারুনুর রশীদ, কৃষি সম্প্রসারণ  
অধিদফতরের অতিরিক্ত পরিচালক (মনিটরিং ও  
বাস্তবায়ন) ড. মো: জামাল উদ্দিন এবং ব্রির  
আরএফএস বিভাগের প্রাক্তন মুখ্য বৈজ্ঞানিক  
কর্মকর্তা ড. মুহম্মদ নাসিম। মূল প্রবন্ধ উপস্থাপন  
করেন ব্রির আরএফএস বিভাগের মুখ্য বৈজ্ঞানিক  
কর্মকর্তা এবং প্রধান ড. মো: ইব্রাহিম বিজ্ঞাপ্তি।